



স্বরাষ্ট্রমন্ত্রী-জ্বালানিমন্ত্রীর পদত্যাগসহ তিন দাবিতে এনসিপির কর্মসূচি



ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানিমন্ত্রীর পদত্যাগসহ তিন দফা দাবি আদায়ে আগামী ৩০ অক্টোবর রাজধানীর শাহবাগে গণবিক্ষোভের ডাক দিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। বিএনপি সরকারের ব্যর্থতার অভিযোগ তুলে এ কর্মসূচি ঘোষণা করেন দলটির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

শুক্রবার (২৩ অক্টোবর) বিকেলে রাজধানীর কারওয়ানবাজারে সপ্তাহব্যাপী লিফলেট বিতরণ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এ ঘোষণা দেন।

এনসিপির তিন দফা দাবির মধ্যে রয়েছে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ও বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুর পদত্যাগ, সংবিধান সংস্কার পরিষদ গঠন এবং সাইবার আইনসহ কর্তৃত্ববাদী আইন বাতিল।

এ সময় নাহিদ ইসলাম অভিযোগ করেন, আওয়ামী লীগ ও ভারতের সঙ্গে সমঝোতার ভিত্তিতে বর্তমান সরকার দেশ পরিচালনা করছে।

এনসিপির জ্যেষ্ঠ যুগ্ম সদস্য সচিব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেন, নির্বাচনের পর মানুষের ভোগান্তি বেড়েছে। কিন্তু এসব সমস্যা সমাধানে সরকারের কার্যকর কোনো উদ্যোগ দেখা যাচ্ছে না।

দলটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী অভিযোগ করেন, বিএনপি সরকারকে জবাবদিহিতার আওতায় আনা যাচ্ছে না।